গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
চান্দিনা, কুমিল্লা
www.chandina.comilla.gov.bd

## উপজেলা আইসিটি বিষয়ক কমিটির সেপ্টেম্বর ২০১৯ মাসের সভার কার্যবিবরণী

সভাপতি : স্নেহাশীষ দাশ
উপজেলা নির্বাহী অফিসার
সভার তারিখ : ২৬ সেপ্টেম্বর ২০১৯
সভার সময় : দুপুর ২.০০ টা
স্থান : উপজেলা পরিষদ মিলনায়তন, চান্দিনা, কুমিল্লা
উপস্থিতি : পরিশিষ্ট- "ক"

উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু হয়। অতঃপর উপজেলা আইসিটি কমিটির সভার নিম্নবর্ণিত আলোচ্যসূচির উপর বিস্তারিত আলোচনান্তে নিম্নরূপভাবে সিদ্ধান্তসমূহ সর্বসম্মতিতে গৃতীত হয়।

| ক্রম | আলোচনার বিষয় | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ১ | উপজেলা ও ইউনিয়ন পর্যায়ে ওয়েব পোর্টাল হালনাগাদ করণ: উপজেলা নির্বাহী অফিসার, চান্দিনা সকল দপ্তরের চলমান আইসিটি কার্যক্রম সম্পর্কে সংশ্লিষ্ট দপ্তরের উপস্থিতির মাধ্যমে অবহিত হন।<br><br>সহকারী প্রোগ্রামার,তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর জানান, উপজেলা ও ইউনিয়ন পরিষদের দপ্তরের ওয়েব পোর্টাল এ হালনাগাদ তথ্য নেই। সকল দপ্তরের ওয়েব পোর্টালে দপ্তরের কার্যক্রম, জনগণ সংশ্লিষ্ট দপ্তর থেকে কি কি সরকারি সাহায্য পাবে এবং কিভাবে পাবে তা সহজবোধ্য ভাবে প্রকাশ করার গুরুত্ব আলোকপাত করেন।<br><br>সহকারী প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, চান্দিনা উপজেলার ওয়েব পোর্টালের পরিচিতি চান্দিনার সাধারণ মানুষের মাঝে বাড়ানোর জন্য আলোচনা করেন। | ১। সকল দপ্তর তাদের দপ্তরের ওয়েব পোর্টালে হালনাগাদ তথ্য প্রদান করবে। সহকারী প্রোগ্রামার,তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, চান্দিনা ওয়েব পোর্টালের প্রয়োজনীয় কারিগরি সহায়তা ও প্রশিক্ষণ প্রদানের কার্যক্রম গ্রহণ করবেন। | সকল দপ্তর, সহকারী প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, চান্দিনা, কুমিল্লা। |
| | | ২। সকল দপ্তর তাদের দপ্তরের বিভিন্ন খবর, নোটিশ, চলমান কার্যক্রম এবং জনগণ সংশ্লিষ্ট দপ্তর থেকে কি কি সরকারি সাহায্য পাবে এবং কিভাবে পাবে তা দপ্তরের ওয়েব পোর্টালে প্রকাশ করবে। প্রযোজ্য ক্ষেত্রে সেবা প্রদানকারীর তথ্য প্রকাশ করা হবে। | সকল দপ্তর। |
| | | ৩। শেখ রাসেল ডিজিটাল ল্যাবে শিক্ষার্থীদের উপজেলার ওয়েব পোর্টাল সম্পর্কে ধারণা দেয়া হবে এবং উপজেলা অফিসে চান্দিনার ওয়েব পোর্টালের ওয়েব এড্রেস (www.chandina.gov.bd) ব্যবহার করে ব্যনার ব্যবহারের সিদ্ধান্ত গৃহীত হয়। | শেখ রাসেল ডিজিটাল ল্যাব সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান , উপজেলা নির্বাহী অফিসার, চান্দিনা। |
| ২ | ই-নথি বাস্তবায়ন: উপজেলা নির্বাহী অফিসার, চান্দিনা সকল দপ্তরের ই-নথি কার্যক্রম সম্পর্কে সংশ্লিষ্ট দপ্তরের উপস্থিতির মাধ্যমে অবহিত হন। উপজেলার অন্যান্য অফিস ই-নথির কার্যক্রমের আওতাভুক্ত নয় বলে সংশ্লিষ্ট দপ্তরের উপস্থিতির মাধ্যমে অবহিত হন।<br><br>সহকারী প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, চান্দিনা জানান, ই-নথি প্রতিবেদন অনুযায়ী ১-১৫ সেপ্টেম্বর ২০১৯ তারিখ পর্যন্ত সকল উপজেলার মধ্যে চান্দিনা উপজেলার অবস্থান ছাব্বিশ তম। | ১। ই-নথির কার্যক্রমের আওতাভুক্ত নয় দপ্তর সমূহ ই-নথির কার্যক্রমের আওতাভুক্ত হওয়ার জন্য প্রয়োজনীয় কার্যক্রম গ্রহন করবেন। | সংশ্লিষ্ট দপ্তর। |
| | | ২। সহকারী প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, চান্দিনা ই-নথির আওতাভুক্ত দপ্তর সমূহকে কারিগরি সহায়তা ও প্রশিক্ষণ প্রদানের কার্যক্রম গ্রহণ করবেন। | সহকারী প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, চান্দিনা |
| | | ৩। ই-নথির আওতাভুক্ত দপ্তর সমূহকে ই-ফাইলিং এর মাধ্যমে নথি উপস্থাপন এবং আন্তঃ সিস্টেম পত্র জারির সংখ্যা বৃদ্ধি করতে হবে। | সংশ্লিষ্ট দপ্তর সমূহ। |

| | | | |
|---|---|---|---|
| ৩ | শেখ রাসেল ডিজিটাল ল্যাব: সহকারী প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, চান্দিনা জানান, চান্দিনা উপজেলায় তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ কর্তৃক স্থাপিত পাঁচটি শেখ রাসেল ডিজিটাল ল্যাব রয়েছে এবং নিয়মিত ল্যাব পরিদর্শন ও মনিটরিং করা হচ্ছে। | ১। শেখ রাসেল ডিজিটাল ল্যাব পরিদর্শন ও মনিটরিং অব্যাহত রাখতে হবে। | সহকারী প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, চান্দিনা। |
| | | ২। সংশ্লিষ্ট প্রতিষ্ঠান নিজ দায়িত্বে শেখ রাসেল ডিজিটাল ল্যাবে ইন্টারনেট সংযোগ নিশ্চিত করবেন। | শেখ রাসেল ডিজিটাল ল্যাব সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান। |
| ৪ | বিবিধ: সভায় উপস্থিত সদস্যগণ ইউনিয়ন ডিজিটাল সেন্টারের উদ্যোক্তাগণের উপজেলা আইসিটি বিষয়ক কমিটির সভায় অংশগ্রহণের প্রয়োজনীয়তা তুলে ধরা হয়। এছাড়া ডিজিটাল প্রযুক্তির মাধ্যমে (ই-মেইল) সভার নোটিশ প্রেরণের প্রস্তাব করা হয় এবং চান্দিনা উপজেলা কার্যালয়ে সেবা গ্রহণকারীদের জন্য ফ্রি ওয়াইফাই জোন চালু করা যায় কিনা তা আলোচনা করা হয়। | ১। ইউনিয়ন ডিজিটাল সেন্টারের উদ্যোক্তাগণ উপজেলা আইসিটি বিষয়ক কমিটির সভায় অংশগ্রহণ করবেন। | উপজেলা নির্বাহী অফিসার, চান্দিনা। |
| | | ২। উপজেলা আইসিটি বিষয়ক কমিটির সভার নোটিশ ডিজিটাল প্রযুক্তির মাধ্যমে (ই-মেইল) প্রেরণ করা হবে। | সহকারী প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, চান্দিনা। |

পরিশেষে আইসিটি বিষয়ক সরকারি সিদ্ধান্ত বাস্তবায়নে সকলকে আরো তৎপর হওয়ার আহ্বান জানিয়ে এবং উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

02/10/2019

স্নেহাশীষ দাশ
উপজেলা নির্বাহী অফিসার
চান্দিনা, কুমিল্লা

স্মারক নং : ০৫.২০.১৯২৭.০৩৮.০০৭.২০১৯.৩

তারিখ: ১৪ আশ্বিন ১৪২৬
২৯ সেপ্টেম্বর ২০১৯

অনুলিপি : (পদমর্যাদার ক্রমানুসারে নয়)

১. মাননীয় সভাপতি, ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয় সম্পর্কিত স্থায়ী কমিটি।
২. মাননীয় সংসদ সদস্য,.....................................................(সকল), বাংলাদেশ জাতীয় সংসদ ভবন, ঢাকা।
৩. মহাপরিচালক, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর , আইসিটি টাওয়ার, আগারগাঁও, ঢাকা।
৪. জেলা প্রশাসক, কুমিল্লা।
৫. চেয়ারম্যান, উপজেলা পরিষদ, চান্দিনা,কুমিল্লা।
৬. সহকারী কমিশনার (ভূমি), চান্দিনা,কুমিল্লা।
৭. উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার, চান্দিনা,কুমিল্লা।
৮. উপজেলা কৃষি অফিসার, চান্দিনা,কুমিল্লা।
৯. অফিসার ইন চার্জ(পুলিশ বিভাগ), চান্দিনা,কুমিল্লা।
১০. উপজেলা শিক্ষা অফিসার, চান্দিনা,কুমিল্লা।
১১. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, চান্দিনা,কুমিল্লা।
১২. উপজেলা সমাজ সেবা অফিসার, চান্দিনা,কুমিল্লা।
১৩. অধ্যক্ষ, চান্দিনা মহিলা বিশ্ববিদ্যালয় কলেজ, চান্দিনা,কুমিল্লা।
১৪. অধ্যক্ষ, দোল্লাই নবাবপুর সরকারি কলেজ, চান্দিনা, কুমিল্লা।
১৫. সহকারী প্রোগ্রামার, ইউআইটিআরসিই, ব্যানবেইস, চান্দিনা,কুমিল্লা।
১৬. প্রধান শিক্ষক, চান্দিনা সরকারি পাইলট উচ্চবিদ্যালয়, চান্দিনা,কুমিল্লা।
১৭. প্রধান শিক্ষক, বড়গোবিন্দপুর এএমবি উচ্চবিদ্যালয়, চান্দিনা,কুমিল্লা।

০২/১০/২০১৯

মোঃ তানভীরুল ইসলাম
সহকারী প্রোগ্রামার
(তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, চান্দিনা,কুমিল্লা)
ও
সদস্য সচিব
উপজেলা আইসিটি বিষয়ক কমিটি